# ফুটবল রাজপুত্রের জন্মদিন আজ, বিশ্বজুড়ে উদযাপন মেসি-ভক্তদের




সংগৃহীত ছবি

আজ, ২৪ জুন, বিশ্ব ফুটবলের এক মহারথী, লিওনেল আন্দ্রেস মেসির জন্মদিন। ১৯৮৭ সালের এই দিনে আর্জেন্টিনার রোজারিও শহরে জন্মগ্রহণ করেন যিনি পরবর্তীতে হয়ে ওঠেন ফুটবল দুনিয়ার সবচেয়ে জ্বলজ্বলে নক্ষত্র।

মাত্র ৫ ফুট ৭ ইঞ্চির এক শান্ত স্বভাবের কিশোর থেকে শুরু করে বিশ্বকাপজয়ী অধিনায়ক হয়ে ওঠার পথটা ছিল বর্ণিল, কিন্তু সহজ নয়। ছোটবেলায় হরমোনজনিত সমস্যার কারণে শারীরিক প্রতিবন্ধকতা মোকাবিলা করে বার্সেলোনায় যাত্রা শুরু। এরপর শুধুই ইতিহাস।

ক্লাব ক্যারিয়ারে বার্সেলোনার হয়ে গড়েছেন রেকর্ডের পর রেকর্ড। জিতেছেন ১০টি লা লিগা, ৭টি কোপা দেল রে, ৪টি চ্যাম্পিয়ন্স লিগ শিরোপা। জাতীয় দলের হয়ে কোপা আমেরিকা জেতার পর ২০২২ সালে বিশ্বকাপ হাতে তোলা—ছিল স্বপ্ন পূরণের শেষ অধ্যায়।

৮ বার ব্যালন ডি'অর জয়ী এই কিংবদন্তির মাঠের ম্যাজিকে মুগ্ধ বিশ্ব। শুধু ফুটবল নয়, পরিশ্রম ও পরিবারপ্রেমও অনুপ্রেরণা দেয় লাখো ভক্তকে।

বর্তমানে যুক্তরাষ্ট্রের ক্লাব ইন্টার মায়ামিতে খেলছেন তিনি, কিন্তু খেলার বাইরে তাঁর প্রভাব ছড়িয়ে আছে বিশ্বজুড়ে। আজকের দিনে কোটি কোটি ভক্ত স্মরণ করছে তাঁর অবদানের কথা।

শুভ জন্মদিন, মেসি—তোমার পায়ে যেন জাদু থেমে না যায় কখনও। বিশ্ব ফুটবলের রাজত্বে তুমিই চূড়ান্ত ঐতিহ্য।